# Average

## General discussion:

Average is a number expressing the central or typical value in a set of data, in particular the mode, median, or (most commonly) the mean, which is **calculated by dividing the sum of the values in the set by their number.**

সহজ কথায় : **গড় হলো কয়েকটি অসমান রাশির মাঝামাঝি একটি মান অর্থাৎ মধ্যমান।**

যেমন:

তিনটি রাশি দেয়া আছে ৫, ৯, ১০ তাহলে তাদের গড় হবে ৫+৯+১০ = ২৪ ÷৩ = ৮। অর্থাৎ প্রথমে রাশিগুলো ছোট বড় যা-ই থাক সবগুলো রাশিকে সমান করার জন্য সবগুলোকে যোগ করে তাদের রাশির সংখ্যা দিয়ে ভাগ করলে যা বের হবে তাই হচ্ছে তাদের মধ্যমান বা গড় ।

## ❑ Important vocabulary:

| শব্দ | অর্থ | শব্দ | অর্থ |
|---|---|---|---|
| Discarded | বাদ দেয়া | Increased by | বেড়ে যাওয়া |
| Rise/ rose | বৃদ্ধি পাওয়া | Increased to | বেড়ে হওয়া |
| Sum | যোগফল | Consecutive number | ধারাবাহিক সংখ্যা |
| Included | যুক্ত করা | Excluded | বাদ দেয়া |
| Replaced | প্রতিস্থাপিত করা | Possible | সম্ভাব্য |

## Important formula:

☞ **Average=** $\dfrac{\textbf{Sum of quantities}}{\textbf{Number of quantities}}$

☞ **Total or Sum of the quantities = average × quantity**

# Different types of questions

## General questions

1. **The numbers 2, 3, 5 and x have an average equal to 4. What is the value of x?** (২, ৩ , ৫ এবং x এর গড় ৪ হলে x এর মান কত?) *[BKB – (CASH ) -2017]*

a. 4 b. 6 c. 8 d. 10 Ans: b

✍**Solution:**

Total = 4×4 = 16
Other number is 16 - (2+3+5) = 6

2. **Selim gets grades of 79, 83, 86 and 89 on an four math tests. What grades must he get on his fifth test to average 85?**(সেলিম চারটি গণিত টেস্টে ৭৯, ৮৩, ৮৬ এবং ৮৯ নম্বর পেল। পঞ্চম টেস্টে কত নম্বর পেলে সব টেস্ট মিলে তার গড় ৮৫ হবে?) *(BB Cash Officer-11)*

a. 77 b. 66 c. 88 d. 99 Ans:c

✍**Solution:**
Total numbers in first 4 tests = 79+83+86+89 = 337
Total numbers after fifth test = = 85×5 = 425
So number of fifth test = 425-337 = 88

3. **A student was asked to find the arithmetic mean of the numbers 3, 11, 7, 9, 15, 13, 8, 19, 17, 21, 14 and x. He found the mean to be 12. What should be the number in the place of x ?** (৩, ১১, ৭, ৯, ১৫, ১৩, ৮, ১৯, ১৭, ২১, ১৪ এবং x, সংখ্যাগুলির গড় ১২ হলে x এর মান কত?) *(BB cash - 2016)*

a. 3 b. 7 c. 17 d. 31 Ans:b

✍**Solution:** Here the sum of all the numbers is = 12
3+ 11+ 7+9+15+13+ 8+19+17+21+ 14 + x = 12×12
Or , x = 144-137 ∴x = 7

4. **The average of 2, 7, 6 and x is 5 and the average of 18, 1, 6, x and y is 10. What is the value of y?** (২, ৭, ৬ এবং x এর গড় ৫ আবার ১৮, ১, ৬, x এবং y এর গড় ১০ হলে y এর মান কত?) *(PKB Senior Officer 2014)*

a. 5 b. 10 c. 20 d. 30 Ans: c

✍**Solution:** Average of 2, 7, 6 and x is 5
So, 2+7+6+x = 5×4 ⇒x=20-15 ∴ x = 5

**Again** Average of 18, 1, 6, x and y is 10
So, 18+1+6+5+y = 10×5 So, y = 50-30 ∴y = 20

5. **The average of three numbers is 24, If the two of the numbers are 21 and 23, the 3$^{rd}$ number is-** (৩টি সংখ্যার গড় ২৪, এদের মধ্যে দুটি সংখ্যা ২১ ও ২৩ হলে তৃতীয় সংখ্যাটি কত?) *(Uttora Bank ass off-11)*

a. 32 b. 28 c. 48 d. 38 Ans: b

✍**Solution:**
Sum of 3 numbers = 24×3 = 72
Sum of 2 given numbers = 21+23 = 44 So the 3$^{rd}$ number = 72-44 = 28

♦**মুখে মুখে:** গড় ২৪ অর্থ প্রতিটি সংখ্যা ২৪ করে. এখন দুটি সংখ্যা ২১ ও ২৩ হলে সংখ্যা দুটি তে গড়ের থেকে ঘাটতি আছে ৩ ও ১ মোট ঘাটতি ৩+১ = ৪। তাহলে তৃতীয় সংখ্যাটি হবে গড়ের থেকে ৪ বেশি অর্থাৎ ২৪+৪ = ২৮।

6. **The average of M numbers is A and the average of N numbers is B, What is the average of all the numbers?** (M সংখ্যক সংখ্যার গড় A এবং N সংখ্যক সংখ্যার গড় B হলে সবগুলো সংখ্যার গড় কত?)

a. $\frac{MA+NB}{M+N}$ b. $\frac{AB+MN}{A+B}$ c. $\frac{MN+AB}{M+N}$ d. none Ans: a

✍**Solution:** M সংখ্যার গড় A, ∴M সংখ্যক সংখ্যার সমষ্টি MA

আবার, N সংখ্যার গড় B, $\therefore$ N সংখ্যক সংখ্যার সমষ্টি NB

গড় = $\frac{MA + NB}{M + N}$ (উপরে রাশির মানের যোগফল এবং নিচে মোট রাশির সংখ্যা)

**7. If the average of m numbers is $n^2$ and that of n numbers is $m^2$, then the average of (m+n) (**যদি m সংখ্যক সংখ্যার গড় $n^2$ এবং n সংখ্যক সংখ্যার গড় $m^2$ হয়, তবে (m+n) সংখ্যক সংখ্যার গড় কত?**)** *[BB(AD)-2023]*

a. m+n  b. m-n  c. $\frac{m}{n}$  d. mn  Ans: d

✍**Solution:** Sum of m numbers and n numbers = $mn^2+nm^2 = mn(m + n)$ [সংখ্যা×গড় = সমষ্টি]

$\therefore$ Average of (m + n) numbers = $\frac{mn(m+n)}{(m+n)}$ = **mn.**

**8. The average (arithmetic mean) of x and y is 20. If z = 5, what is the average of x, y and z? (** x এবং y সংখ্যা দুটির গড় ২০ । যদি z = 5 হয়, তবে x,y এবং z এর গড় কত?**)** *[BB-(AD)-2021]*

a. 15  b. 12.5  c. 10  d. 25/3  **Ans:a**

✍**Solution:**

Since average of x & y = 20 So, Sum of x, y =20×2 = 40

Again, z = 5 So, sum of x, y & z = 40 + 5 = 45

So, Average of x,y and z = $\frac{45}{3}$ = **15 (Ans)**

**9. Sum of P and Q is 72 and the value of R is 42. What is the average of P, Q and R?** (P ও Q এর যোগফল ৭২ এবং R = ৪২ হলে , P, Q, এবং R এর গড় কত?) *(BB Ass: Director-2008)*

a. 32  b. 34  c. 36  d. 38  Ans: d

✍**Solution:** P+Q+R = 72+42 = 114 So required average = 114÷3 = 38

**10. The average of three numbers is P. If two numbers of them are R and S. What is the 3rd number?** (তিনটি সংখ্যায় গড় P । তাদের মধ্যে দুইটি সংখ্যা R ও S হলে তৃতীয় সংখ্যা কোনটি ?) *[Exim Bank (TO)-2020 (IBA)]*

a. P-R-S  b. 3R-P-R  c. - S+3P+S  d. -R+3P-S  e. None  Ans: d

✍**Solution:**

Sum of three numbers = 3P

Since two numbers are R & S,

So, 3rd number is 3P-R-S (অপশনে এটা দেয়া না থাকায় সাজিয়ে নিতে হবে)  Or, - R + 3P – S

**11. 30 pens and 75 pencils altogether were purchased for Tk.510. If the average price of a pencil was Tk.2 ,what was the average price of a pen? (**৩০টি কলম ও ৭৫টি পেন্সিলের ক্রয়মূল্য একত্রে ৫১০ টাকা। যেখানে প্রতিটি পেন্সিলের গড় মূল্য ছিল ২টাকা। প্রতিটি কলমের গড় মূল্য কত টাকা?**)** *[Combined 2Banks-(off)-2018]*

a. Tk.9  b. Tk.10  c. Tk.11  d. Tk.12  Ans: d

✍**Solution:**

Total price of 75 pencil = (75×2) = Tk.150

$\therefore$ Total price of 30 pens = 510-150 = Tk.360

$\therefore$ Average price of a pen = 360÷30 = **Tk.12**

**12. The average attendance of a college for the first three days of a week is 325 and first four days is 320. How many were present on the fourth day.** (একটি কলেজের এক সপ্তাহে প্রথম তিন দিনের গড় উপস্থিতি ৩২৫ এবং প্রথম চারদিনের গড় উপস্থিতি ৩২০। চতুর্থ দিনে কত জন উপস্থিত ছিল?) *[Combined-4Banks (Officer)-2019]*

a. 300 b. 315 c.305 d. 350 **Ans:c**

✍**Solution:**

Total Present students first 3 days = (325× 3) = 975

Total Present students in first 4 days = (320 × 4) = 1280 (আগের ৩ দিন + ৪র্থ দিন)

∴ Present students in 4th days = 1280-975= **305**

☞**Confusion clear:** এই প্রশ্নটিতে ১ সপ্তাহের কথা বলা হয়েছে। এখন ১ সপ্তাহ = ৭ দিন। আবার প্রশ্নে প্রথমে ৩দিন তারপর ৪ দিনের কথা বলায় অনেকেই ভাবতে পারেন সেই ৭ দিনের মধ্যে প্রথম ৩ দিন এবং শেষের ৪দিন মিলে ৭ দিন। এভাবে ভাবলে অংকের সঠিক উত্তর আসবে না। প্রশ্নটি আবার পড়ুন, **first three days** এর পর আবার **first four days** বলা হয়েছে। অর্থাৎ উভয় ক্ষেত্রেই প্রথম ৩দিন এবং প্রথম ৪দিনের কথা বলা হয়েছে। অর্থাৎ ৩ দিনের সাথে ৪র্থ দিনটি যোগ হয়ে ৪দিন

**13. The average weight of 3 young men is 53 kg. No one of them weights less than 51 kg.What is the maximum weight of any one of them?**(তিনজন যুবকের গড় ওজন ৫৩ কেজি। কারো ওজন ৫১ কেজি এর কম না হলে একজনের ওজন সর্বোচ্চ কত কেজি হতে পারে?) *[Premier Bank 03]*

a. 59kg b. 55 kg c. 57 kg d. 60 kg Ans: c

✍**Solution:**

এভাবে যে কোন প্রশ্নে সর্বনিম্ন সমন দেয়ার পর সর্বোচ্চটি বের করতে বলা হলে সর্বনিম্ন ধরেই হিসেব করতে হবে। গড় কোন কিছু থেকে যখন একজনের টি সর্বনিম্ন হয় তখনি অন্য জনেরটি সর্বোচ্চ হতে পারে।

Total weight of 3 men = 53×3 = 159kg

Total weight of 2 less weighted men is = 51×2 = 102kg

So weight of more weighted man is = 159-102 = 57kg

♦**মুখে মুখে করার জন্য এভাবে ভাবুন:**

দুজনের ওজন ৫১ কেজি হওয়া অর্থ হলো এরা গড় ওজন ৫১ এর থেকে ২ কেজি করে মোটে ৪ কেজি কম। তাহলে তৃতীয় ব্যক্তির ওজন হবে গড় ওজন ৫৩ কেজির থেকে ৪ কেজি বেশি অর্থাৎ ৫৩+৪ = ৫৭।

মুখে মুখে খুব দ্রুত গড়ের প্রশ্ন সমাধান করতে পারার জন্য এই হ্রাস-বৃদ্ধির বিষয়টি মনে রাখুন।

**14. Reza's average in four tests is 80%. What marks does he need in his fifth test to raise his average to 84%?** (চারটি পরীক্ষায় রেজার গড় নম্বর শতকরা ৮০। তার গড় নম্বর শতকরা ৮৪ করতে হলে পঞ্চম পরীক্ষায় তাকে কত নম্বর পেতে হবে?) *(Pubali Bank Ltd. JO 2013)*

a. 96% b. 94% c. 84% d. 100% Ans: d

✍**Solution:**

Total numbers is 4 tests = 80×4 = 320

Total numbers after 5 tests = 84×5 = 420 ∴ $5^{th}$ test number = 420-320 = 100

☞ **মুখে মুখে এভাবে:** গড় ৮০ থেকে ৮৪ হওয়ার জন্য প্রতি টেস্টে ৪ নম্বর করে বেশি পেতে হবে। তাহলে ৫টেস্টের জন্য মোট অতিরিক্ত নম্বর ৪×৫ = ২০। সুতরাং ৫ম টেস্টের নম্বর হতে হবে ৮০+২০ = ১০০

**15. Average score of first year student on a certain exam was 83.60. On the same exam Sami scored 88. What was Sami's percentage deviation from the average score?** (একটি পরীক্ষায় প্রথম বর্ষের শিক্ষার্থীদের প্রাপ্ত নম্বরের গড় ছিল ৮৩.৬০। ঐ পরীক্ষায় সামি ৮৮ নম্বর পায়। সবার গড় নম্বরের সাথে সামির নম্বরের ব্যবধানের হার কত?) *[Exim Bank- (TO-Cash)-2019 (IBA)]*

a. 4.4% b. 4.5% c. 5% d. 6% e. None Ans: c

✍**Solution:** **Difference** = 88 - 83.60 = 4.4 % of deviation = $\frac{4.4}{88} \times 100 = \mathbf{5\%}$

**16. On Monday, 25 of the students in the class took a test and their average score was 80. On Thursday, the other 20 students took the test and their average score was 98. What was the average of the entire class?** (সোমবারে একটি শ্রেণিতে ২৫ জন শিক্ষার্থী একটি পরীক্ষায় অংশগ্রহণ করে, যেখানে তাদের গড় নাম্বার ছিল ৮০। বৃহস্পতিবার অন্য ২০ জন শিক্ষার্থী পরীক্ষায় অংশগ্রহণ করে, যেখানে তাদের গড় নাম্বার ছিল ৯৮। পুরো শ্রেণিটির গড় নম্বর কত ছিল?) *[Exim Bank- (TO-Cash)-2019 (IBA)]*

a. 83 b. 84 c. 85.5 d. 88 e.None Ans: d

✍**Solution:**

Total score of first 25 students = 25×80 = 2000

Total score of other 20 students = 20×98 = 1960

Average score of the entire class = $\frac{(2000+1960)}{(25+20)} = \frac{3960}{45} = \mathbf{88}$

**17. The average age of a group of 10 students is 15 years. When 5 more students joined the group, the average age rose by 1 year. What is the average age of the newly joined students** ?(১০ জন ছাত্রের গড় বয়স ১৫ বছর। তাদের সাথে নতুন ৫জন ছাত্র যোগ দেয়ায় সবার গড় ১ বছর বেড়ে যায়। নতুন ছাত্রদের গড় বয়স কত?) *[One Bank (SCO)-2017] & [Al-Arafah IBL-(MTO)-2017]*

a. 16 b. 17 c. 18 d. 19 Ans: c

✍**Solution:**

Total age of 10 students = 15 × 10 = 150

Total age of (10+5) = 15 students = 16 × 15 = 240

Age of new 5 students = (210 - 150) = 90

Average of newly joined student = (90 ÷ 5) = 18 **Ans:**

**18. The average salary per month of 30 employees in a company is tk 4000.if the manager's salary is added, the average salary *<u>increases to</u>* tk 4300,what is the salary of the manager?** (একটি কোম্পানীতে ৩০ জন কর্মচারীর প্রতিমাসের গড় বেতন ৪০০০ টাকা। যদি ম্যানেজারের বেতন যোগ করা হয় তাহলে তাদের বেতনের গড় বৃদ্ধি পেয়ে ৪৩০০ টাকা হয়। ম্যানেজারের বেতন কত টাকা?)

a. 15000 b. 1480 c. 13300 d. 12500 Ans: c

✍**Solution:**

Total salary of 30 employees = 30×4000 = 120000tk

Total salary including managers = 31×4300 = 133300

So, salary of the manager is = 133300-12000 = 13300tk

| Increase by vs | Increase to |
|---|---|
| Increase by অর্থ হলো বৃদ্ধি পাওয়া | Increase to অর্থ হলো বৃদ্ধি পেয়ে হওয়া। |
| **Example:** একজনের আয় ৪০০০ টাকা থেকে ৩০০ টাকা বাড়লে বলা হয় one's income is increased by 300tk | **Example**: একজনের আয় ৪০০০ টাকা থেকে বেড়ে ৪৩০০ টাকা হলে বলা হয় One's income is increased to 4300 |
| একই ভাবে **Decrease by** এবং **Cut by** | একই ভাবে **Decrease to** এবং **Cut to** |

**19. The average wage of a worker during a fortnight comprising 15 consecutive working days was Taka 90 per day. During the first 7 days, his average wage was Taka 87 per day and the average wage during the last 7 days was Taka 92 per day What was his wage on the day?** (একজন শ্রমিকের ১৫ দিনের গড় মজুরী প্রতিদিন ৯০ টাকা করে। প্রথম ৭দিনের গড় মজুরী ৮৭ টাকা এবং শেষ ৭দিনের গড় মজুরী ৯২ টাকা হলে ১৫তম দিনের মজুরী কত টাকা?) *[Janata Bank ( AEO-RC) -2017]*

a. Taka 83 b. Taka 90 c. Taka 92 d. Taka 97 Ans: d

✍**Solution:**

Total wage of 15 days = 15×90 = 1350 Taka

Total wage of 14 days (7+7) = (7×87) + (7×92) = 609+644 = 1253Taka

So, income of the remaining day is 1350-1253 = 97Taka

♦**মুখে মুখে:**

মোটের গড় ৯০, প্রথম ৭দিনের গড় ৮৭ অর্থাৎ গড়ে ৩ টাকা করে কম হলে মোটে কম হবে ২১ টাকা আবার পরের ৭দিনের গড় ৯২ অর্থাৎ মোট গড়ের থেকে গড়ে ২টাকা করে বেশি হলে মোটে বেশি হবে ১৪টাকা। এখন ২১টাকার ঘাটতি থেকে ১৪টা পুরিয়ে দিলেও ৭ টাকা ঘাটতি থেকে যায়। তাহলে অবশিষ্ট ১দিনের পারিশ্রমিক হবে ৯০+৭ = ৯৭টাকা

**20. The average temperature for the first 4 days of a week is 40.2° C and that of the last 4 days is 41.3° C. If the average temperature for the whole week is 40.6° C. Then the temperature of the 4th day is-** (একটি সপ্তাহের প্রথম চারদিনের তাপমাত্রার গড় 40.2°C এবং শেষ চার দিনের তাপমাত্রার গড় 41.3°C । যদি সপ্তাহের ৭ দিনের তাপমাত্রার গড় 40.6°C হয় তাহলে চতুর্থ দিনের তাপমাত্রা কত?) *[BB (Off)-2022]*

a. 38.5°c b. 40.8°c c. 41.3°c d. 41.8°c Ans: d

✍**Solution:**

Total temperature of first 4 days is = 40.2 × 4 = 160.8°C

Total temperature of last 4 days = 41.3×4 = 165.2°C

∴ Total temperature of 8days = (160.8 + 165.2)°C = 336.0

And, Total Temperature of 7 days in = 40.6×7 = 284.2°C

So, Temperature of 4th days = (336 – 284.2)°C = **41.8°C**

**21. The average weight of 17 students is 90 kg. If the weight of teacher is also included, then the average weight is increased by 200 grams. Find the weight of the teacher?** (১৭ জন ছাত্রের গড় ওজন ৯০ কেজি। যদি শিক্ষকের ওজনও যোগ করা হয়, তখন গড় ওজন ২০০ গ্রাম বেড়ে যায়। শিক্ষকের ওজন বের কর।) *[Combined-4Banks (Officer)-2019]*

a. 93.6 kg b. 94 kg c. 93.4 kg d. 94.6 kg **Ans:a**

✍**Solution:**

Total weight= 17×90= 1530 kg Here 200gm = $\frac{200}{1000}$ =0.2kg

So, average weight of 17 students with teacher = 90kg+0.2kg = **90.2kg**

**So,** total weight with teacher = (18× 90.2) = 1623.6 kg.

Teacher's weight = (1623.6 – 1530) kg = **93.6 kg**

☞**মুখে মুখে:** শিক্ষকের ওজন যোগ করার পর ১৮ জনের ওজন গড়ে ২০০ গ্রাম বা ০.২ কেজি করে বৃদ্ধি পেলে মোটে ১৮×০.২ = ৩.৬ কেজি, তাহলে শিক্ষকের ওজন হবে গড় ওজন ৯০ কেজির থেকে ৩.৬ কেজি বেশি অর্থাৎ ৯০+৩.৬ = **৯৩.৬ কেজি।**

**22. The average age of a group of 15 employees is 24 years. If 5 more employees join the group, the average age increase by 2 years. Find the average age of the new employees?** (১৫ জন চাকুরীজীবির একটি দলের গড় বয়স ২৪ বছর। যদি ঐ দলে নতুন করে আরো ৫ জন যোগদান করে তাহলে তাদের সবার গড় বয়স ২ বছর করে বৃদ্ধি পায়। নতুনদের গড় বয়স কত?) *[BSC Combined exam (SO- 8 Bank) -2018]*

a. 35 b. 30 c. 24 d. 32 **Ans: d**

✍**Solution:**

Total age of first 15 employees = 15×24 = 360

after including of new 5 employees to

Total age 20×26 = 520

Total age of new employees 520 – 360 = 160

average = $\frac{160}{5}$ = **32**

**Shortcut:**
সবার বয়স ২ করে বাড়াতে হলে অতিরিক্ত বয়স লাগবে ২০×২=৪০, নতুন ৫ জনের প্রতিজনের বয়স বেশি হতে হবে ৪০÷৫ = ৮ তাহলে নতুন প্রতিজনের বয়স ২৪+৮ = ৩২

**23. The average age of a group of 15 employees is 24 years. If 5 more employees join the group, the average age increases by 2 years. Find the average age of the new employees.** **(**১৫ জন চাকুরিজীবীর একটি দলের গড় বয়স ২৪ বছর। যদি আরো ৫ জন নতুন সদস্য ঐ দলে যোগদান করে তাহলে তাদের গড় বয়স ২ বছর বৃদ্ধি পায়। নতুন সদস্যদের গড় বয়স বের করুন।**)** *[Combined 4 Banks-(off-Cash)-2018]*

a. 35 b. 30 c. 24 d. 32 **Ans:** d

✍**Solution:** REPEAT 23

Sum of the ages of 15 employees = 15×24 = 360

Sum of the ages of 15+5 = 20 employees = 20×(24+2) = 520 years

Sum of the ages of 5 new employees = 520-360 = 160

So, the average of 5 new employees is = $\frac{160}{5}$ = **32 years.**

**24. If 8x + 8y = 64, what is the average of x and y?** *[Exim Bank-(TAO)-2018]*

a. 16 b. 64 c. 8 d. 4 Ans: d

✍**Solution:** 8x+8y = 64 or 8(x+y) = 64 ∴ x+y = 8 So average = 8 ÷ 2 = **4**

**25. Consider that w + x = - 4, x + y = 25 and y + w = 15. Then the average of w, x, y is —** *[BKB – (Cash ) -2017] , [BDBL – (SO ) -2017] & [Rupali Bank Off- (Cash)-2018]*

a. 3 b. 4 c. 5 d. 6 Ans: d

✍**Solution:**

w+x + x+y + y+w = - 4 + 25 + 15

⇒2w+2x+2y = 36 ⇒2(w+x+y) =36

⇒ w+x+y = 36÷2 = 18 So, average of w,x,y = 18÷3 = 6

**26. If *n* is the average (arithmetic mean) of the three numbers 6,9 and *k*, then What is the value of *k* in terms of *n* ?(** ৬, ৯, এবং k এর গড় n হলে, n এর সাপেক্ষে k এর মান কত?) *[Jamuna Bank-(PO)-2017]*

a. 3n-15 b. n-5 c. n-15 d. none Ans: a

**Solution:**

দেয়া আছে, $n = \frac{k+6+9}{3}$ $\Rightarrow 3n = k+15$ $\Rightarrow 3n - 15 = k$ $\therefore k = 3n - 15$ **Ans:** 3n – 15

**27. If the average of the four numbers M, 2M+3, 3M-5 and 5M+1 is 63, what is the value of M?** (৪টি সংখ্যা M, 2M+3,3M-5 এবং 5M+1 এর গড় ৬৩ হলে M এর মান কত?) *[কর্নফুলী গ্যাস কোম্পানী-(AM)-২০২১]*

a. 23 b. 22 c. 11 d. 32 Ans: a

**Solution:**

**ATQ,** $\frac{M+2M+3+3M-5+5M+1}{4} = 63$ $\Rightarrow 11M-1 = 252$ $\Rightarrow 11M = 253$ $\therefore M =$ **23(Ans:)**

**28. If the average (arithmetic mean) of x and y is 60 and the average (arithemetic mean) of y and z is 80, what is the value of** (z-x)? **(**দুটি সংখ্যা x এবং y এর গড় ৬০, আবার y এবং z এর গড় ৮০ হলে z-x এর মান কত?**)** *(IBA-MBA Admission Test, (Novem -2015 ) & [BAPEX- (AM)-2017]*

a. 70 b. 40 c. 20 d. none Ans:b

**Solution:**

y+z = 80×2 or, z+y = 160------ (i)

x+y = 60×2 or, x+y = 120 ----- (ii)

(i) - (ii), z-x- = 160-120 = 40

**29. The average age of *x* and *y* is 40; and the average of *y* and *z* is 35 . What is the value of x – z ?(** **x** ও **y** এর গড় ৪০ এবং **y** ও **z** এর গড় ৩৫ হলে **x – z** এর মান কত ? ) *[Jamuna Bank-(PO)-2017]*

a. 5 b. 10 c. 15 d. none Ans: b

**Solution:**

x+y = 40×2 $\Rightarrow$ x+y = 80 ----- (i)

y+z = 35×2= 70 z+ y = 70 ----- (ii)

(i) -(ii) = x-z = 80-70 = 10 So x-z = 10

**30. The average of the first and the second of three numbers is 15 more than the average of the second and the third of these number,What is the difference between the first and the third of these three numbers? (**৩টি সংখ্যার মধ্যে প্রথম ও ২য় সংখ্যার গড়, ২য় ও ৩য় সংখ্যার গড়ের থেকে ১৫ বেশি, সংখ্যা তিনটির মধ্যে ১ম ও ৩য় সংখ্যার পার্থক্য কত?**)** *[Combined 2Banks-(off)-2018]*

a. 15 b. 45 c. 60 d. None Ans:d

**Solution:**

Let, the three numbers be x,y and z

$\therefore \frac{x+y}{2} - \frac{y+z}{2} = 15$ [যোগ করে ২ দিয়ে ভাগ করলে গড় বের হয়, আবার দুই অংশের গড়ের পার্থক্য = ১৫ ]

$\Rightarrow \frac{x+y-y-z}{2} = 15$

$\therefore$ x - z = **30** So, The difference between first and last number = **30**

**31. If the average of 5, 9, m and n is 12. What is average of (m + 7) and (n - 3) ?** (৫, ৯, m ও n এর গড় ১২ হলে, (m + ৭) এবং (n - ৩) এর গড় কত?) *[Exim Bank- (TO-Cash)-2019 (IBA)]*

a.21 b. 19 c. 17 d. 14 e. None Ans: b

✍**Solution:**

Here, $\frac{5+9+m+n}{4} = 12$ $\Rightarrow m + n = 48 - 5 – 9$ $\therefore m + n = 34$

So, Average of (m+7) and (n-3) $= \frac{(m+7)+(n-3)}{2} = \frac{m+n+4}{2} = \frac{34+4}{2} = \frac{38}{2} = \mathbf{19}$

**32. The average of 2 number is 4x + 5. If one of them is 3x + 2, what is the other number?** (২টি সংখ্যার গড় 4x + 5। এদের মধ্যে ১টি সংখ্যা 3x + 2 হলে, অপর সংখ্যাটি কত?) *(First Security IB Ltd. PO 2013)*

a. x+2 b. 5x + 8 c. 2x + 3 d. none Ans: b

✍**Solution:**

Sum of two numbers = 2( 4x+5) = 8x+10

One number is 3x+2 So, other number is 8x+10 – (3x+2) =8x+10-3x-2 =5x+8

**33. The average of A and B is 40 and the sum of B & C is 70. What is the value of A-C ?** (A এবং B এর গড় ৪০ আবার B এবং C এর যোগফল ৯০। তাহলে A-C এর মান কত?) *[IFIC BANK (MTO) – 2017]*

a. 10 b. 5 c. 15 d. 20 Ans: a

✍**Solution: Here,** (A+B) = (40×2) = 80 ………….(i) and (B+C) = 70…………..(ii)

by (i)-(ii) $\Rightarrow$ A – C = 80 – 70 = 10 **Ans:**

**34. If 12a+3b=1 and 7b-2a=9, what is the average (গড়) of a and b?** *[Sonali Bank (Off:)-2018]*

a. 0.1 b. 0.5 c. 1 d. 2.5 Ans: b

✍**Solution:**

Given that,

12a+3b=1 or, 3b+12a = 1 ---- (i)

and 7b - 2a = 9 ---- (ii)

----------------------------------------------

by (i) + (ii) we get, 10b+10a = 10 or a+b = 1 (dividing by 10)

Now average of a and b = $\frac{a+b}{2} = \frac{1}{2} = 0.5$

এভাবে ভাবুন: a & b এর গড় অর্থাৎ রাশি দুটি যোগ করে ২ দিয়ে ভাগ = $\frac{a+b}{2}$

**35. If a = 2b = 4c = 48, then the arithmetic mean of a, b, and c is** –( যদি a = 2b = 4c = 48, হয় তবে a, b এবং c এর গড় কত ? ) *[Jamuna Bank-(PO)-2017]*

a. 28 b. 32 c. 36 d. none Ans: a

✍**Solution:** দেয়া আছে, a = 2b = 4c = 48

অর্থাৎ a = **48**; 2b = 48 বা b = $\frac{48}{2}$ = **24**; এবং 4c = 48 বা c = $\frac{48}{4}$ = **12**

$\therefore$ a, b এবং c এর গড় = $\frac{a+b+c}{3} = \frac{48+24+12}{3} = \frac{84}{3} = 28$ **Ans:** 28

**36. If b = 9d-c and d = $\frac{a}{6}$, what is the average (arithmetic mean) of a, b, c, and d? -** *[BAPEX-(AM)-2017]*

a. 2d b. 3d c. 4d d. none Ans: c

✍**Solution:**

দেয়া আছে, $b = 9d - c \Rightarrow b = 9 \times \frac{a}{6} - c \Rightarrow b = \frac{3a}{2} - c \Rightarrow (b+c) = \frac{3a}{2}$

আবার $d = \frac{a}{6} \Rightarrow a = 6d$

$\therefore$ a, b, c, এবং d এর average $= \frac{a+b+c+d}{4} = \left\{6d + \frac{3a}{2} + \frac{a}{6}\right\} \times \frac{1}{4}$

$= \frac{36d + 9a + a}{6} \times \frac{1}{4} = \frac{36d + 54d + 6d}{6} \times \frac{1}{4} = \frac{96d}{6} \times \frac{1}{4} = 4d$

## Number related

**37. Which of the following is the average of first five prime number?**(নিচের কোনটি প্রথম ৫টি মৌলিক সংখ্যার গড়) *[BD House Building FC (SO)-2017]*

a. 4.5 b. 5.6 c. 7.5 d. 8.6 Ans: b

✍**Solution:**

First five prime numbers are = 2, 3, 5, 7, 11

Sum =2+3+5+7+11=28 So, average = 28÷5 = 5.6

**38. Average of all prime numbers between 30 to 50 is,**(৩০ থেকে ৫০ এর মধ্যে অবস্থিত সবগুলো মৌলিক সংখ্যার গড় কত?) *[Agrani Bank –(SO) 2017 (morning)-Canceled]*

a. 37 b. 37.8 c. 39.8 d. 39 Ans: c

✍**Solution:**

Prime numbers between 30 to 50 are = 31, 37, 41, 43, 47

Sum = 31+37+41+43+47 = 199 So, Average = 199÷5 = 39.8 **Ans:**

**39. Sum of 10 integers is 462. The average of first 4 number is 52 and the average of last 5 number is 38. What is the fifth number?** (১০টি সংখ্যার গড় ৪৬২ এদের মধ্যে প্রথম ৪টি সংখ্যার গড় ৫২ এবং শেষ ৫টি সংখ্যার গড় ৩৮ হলে পঞ্চম সংখ্যাটি কত?) *(BB Ass: Director-15)*

a. 64 b. 60 c. 50 d.62 Ans: a

✍**Solution:**

১ম ৪টি সংখ্যার সমষ্টি (৪ × ৫২) = ২০৮

শেষ ৫টি " " (৫ × ৩৮) = ১৯০

৯টি সংখ্যার সমষ্টি (২০৮ + ১৯০) = ৩৯৮ ∴ পঞ্চম সংখ্যাটি = (৪৬২ - ৩৯৮) = ৬৪

**40. The average of 6 numbers is 25. If 3 more numbers; with an average of 22 are added to these numbers, What will be the average of the combined 9 numbers ?** (৬ টি সংখ্যার গড় ২৫। এদের সাথে নতুন তিনটি সংখ্যা যোগ করা হলো যাদের গড় ২২। সবগুলো সংখ্যার বর্তমান গড় কত?) *[ICB - (AE-IT)-2017] +[Basic Bank- (AM)-2018] & [Combined (SO)-3 Banks-2018]+ [কর্ণফুলী গ্যাস কোম্পানী-(AM)-২০২১]*

a. 20 b. 24 c. 28 d. 32 Ans: b

✍**Solution:** Total of 6 numbers = 6×25 = 150 again, Total of 3 new numbers = 22×3 = 66

Now, total of 9 numbers = 150+66 =216 ∴ average of 9 numbers = 216÷9 = **24 Ans:**

**41. The average of eight numbers is 14 and the average of six of these numbers is 16. What is the average of the remaining numbers?**(আটটি সংখ্যার গড় ১৪, এদের মধ্যে ৬টি সংখ্যার গড় ১৬ হলে অবশিষ্ট সংখ্যাগুলোর গড় কত?) *(Agrani Bank Off. (Cash)-2013)*

a. 4 b. 8 c. 16 d. 6 Ans: b

✍**Solution:** Sum of eight numbers = 8 ×14 = 112 Sum of first six numbers = 6×16 = 96
So, Sum of two numbers = 112-96=16 So average of last two numbers is 16÷2 = **8**

**42. The average of nine numbers is 50. The average of the first five numbers is 54 and that of the last three numbers is 52. Then the sixth number is** (৯টি সংখ্যার গড় ৫০ । প্রথম ৫টি সংখ্যার গড় ৫৪ এবং শেষ ৩টি সংখ্যার গড় ৫২। ৬ষ্ঠ সংখ্যাটি কত?) *[Combined (SO)-3 Banks-2018] +[Basic Bank-(AM)-2018] & [Combined 4 Banks-(off-Cash)-2018]*

a. 30 b. 34 c. 44 d. 24 **Ans:** d

✍**Solution:**

Required number, = (50×9 )- (54×5) - (3×52) = 450− (270+156)= 450- 426 = **24**

**43. The Average of 6 numbers is 8.5 .When one number is discarded, the average of the remaining numbers , becomes 7.2 .What is the discarded number?** (৬টি সংখ্যার গড় ৮.৫। একটি সংখ্যা বাদ দিলে অবশিষ্ট সংখ্যাগুলোর গড় ৭.২ হয়। বাদ দেয়া সংখ্যাটি কত ? ) *[BKB (officer) – 2017] & [IFIC BANK (MTO) – 2017]*

a. 7.8 b. 6.5 c. 16 d. 15 Ans:d

✍**Solution:**

Sum of 6 numbers = 8.5×6 = 51 Sum of 5 numbers = 7.2×5 = 36
So, the discarded number is = 51-36 = 15

**44. The average of 50 numbers is 30. If two numbers, 35 and 40, are discarded, then the average of the remaining numbers is nearly.** (৫০টি সংখ্যার গড় ৩০। যদি দুটি সংখ্যা ৩৫ ও ৪০ বাদ দেয়া হয় তাহলে অবশিষ্ট সংখ্যাগুলোর গড় কত?) *[Pubali Bank (JO)-2023]*

a.28.32 b. 28.78 c. 29.27 d. 29.68 Ans:d

✍**Solution:** Sum of 50 numbers = 50×30=1500
After discarded two numbers, remaining sum = 1500-(35+40) = 1500-75= 1425

$\therefore$ Average of remaining numbers = $\frac{1425}{48}$ = **29.68**

**45. The average of 6 numbers is 6.5. When four more numbers are added to these six numbers, the new average of all 10 numbers 7.9. What is the average of the four numbers added?**(৬টি সংখ্যার গড় ৬.৫। যখন এদের সাথে আরও ৪টি সংখ্যা যোগ করলে সবগুলোর গড় হবে ৭.৯, যোগকৃত ৪টি সংখ্যার গড় কত?) *(First Security IB Ltd. PO 2013)*

a. 10 b. 11 c. 12.5 d. none Ans:a

✍**Solution:**

Sum of 6 numbers =6×6.5 = 39
and Sum of 10 numbers = 10×7.9 = 79
So, Sum of new 4 numbers = 79-39 = 40
So, The average of new 4 numbers is 40÷4 = 10

**Shortcut :** সাধারণ শব্দগুলো না লিখে শুধু যোগ বিয়োগ ও গুণ ভাগ করলেই দ্রুত উত্তর বের করা সম্ভব।

**46. Find the average of all the numbers between 6 and 34 which are divisible by 5** (৬ এবং ৩৪ এর মধ্যে ৫ দ্বারা বিভাজ্য সংখ্যাগুলোর গড় কত?) *[Uttara Bank- (Cash)-2017] +[Pubali Bank (PO)-2023]*

a. 20 b. 18 c. 24 d. 30 Ans: a

✍**Solution:**

Here, between 6 and 34 then numbers divisible by 5 divisible are = 10, 15, 20, 25, and 30

So, Average = $\frac{10+15+20+25+30}{5} = \frac{100}{5}$ = **20** (সংখ্যা ৫টি ধারাবাহিক সংখ্যা হওয়ায় মাঝের ২০ ই গড়)

**47. The average (arithmetic mean) of 4 different integers is 75. If the largest integer is 90 , what is the least possible value of the smallest integers ?** (৪টি ভিন্ন ভিন্ন পূর্ণ সংখ্যার গড় ৭৫ এদের মধ্যে বৃহত্তম সংখ্যাটি ৯০ হলে সবথেকে ছোট সংখ্যাটি সর্বনিম্ন কত হতে পারে?) *[IBBL (PO)-2017]*

a. 1 b. 19 c. 29 d. 33 Ans: d

✍**Solution:**

Sum = 75×4 = 300

Largest number = 90

So, other 2 middle number could be 89 and 88 (৩টা ই ৯০ ধরলে অন্যটা সবথেকে ছোট আসতো। কিন্তু একই সংখ্যা একাধিকবার নেয়া যাবে না কারণ বলা হয়েছে ভিন্ন ভিন্ন সংখ্যা তাই ৯০ এর আগের সংখ্যা ২টি নেয়া হয়েছে।)

So the least possible value of the smallest number is 300-(90+89+88) =300-267 = 33

**(কারণ ৯০ এর থেকে ছোট সংখ্যা দুটি বৃহত্তম নিলে অপর সংখ্যাটি ক্ষুদ্রতম হবে।)**

**48. The average daily wage of 10 workers is Tk. 400. If the lowest wage is Tk. 300, then what is the possible maximum wage?** (১০ জন শ্রমিকের গড় মজুরি ৪০০ টাকা । যদি সর্বনিম্ন মজুরি ৩০০ টাকা হয় তাহলে একজনের সম্ভাব্য সর্বোচ্চ মজুরি কত?) *[Combined (off)-2023 (2020 Based)]+ [Combined (SO)-2023(2020 Based)]*

a. 800 b. 1000 c. 1200 d. 1300 Ans: d

✍ **Solution:** Total wages of 10 workers = 400×10 = Tk. 4000

**And, Lowest** Total wages of 9 workers = 300 ×9 = Tk. 2700

**So,** The possible maximum wages of one worker = Tk. (4000 – 2700) = **1300**

**49. The average of six numbers is 6. If 3 is subtracted form each of four of the numbers, what is the new average?** (৬টি সংখ্যার গড় ৬। সংখ্যাগুলোর মধ্যে ৪টি সংখ্যার প্রত্যেকটি থেকে ৩ বিয়োগ করলে নতুন গড় কত হবে?) *(IBA-MBA Admission Test, (Novem -2014 )*

a. 2.5 b. 3 c. 3.5 d. 4 Ans:d

✍**Solution:** Sum of the 6 numbers is = 6×6 = 36

New sum of these 6 numbers is = 36 – (4×3) = 36-12 = 24 (৪ বার ৩ বিয়োগ করলে মোটে ১২ কমে)

So, new average is = 24÷6 = 4

**50. The average of ten numbers is 7. If each number is multiplied by 12, then the average of new set of numbers is:** (১০টি সংখ্যার গড় ৭। যদি প্রত্যেকটি সংখ্যা ১২ দ্বারা গুণ করা হয়, তাহলে নতুন সংখ্যাগুলোর গড় কত?)

a. 44 b. 84 c. 48 d. 38 Ans: b

✍**Solution:** The average of new set is 12 ×7 = 84.

(প্রত্যেকটি সংখ্যাকে ১২ দিয়ে গুণ করলে সবগুলো সংখ্যাই ১২ গুণ করে বাড়লে গড় ও ১২গুণ ই বেড়ে যাবে।)

**51. The average of ten number is 7. What will be the new average if each of the number is multiplied by 8?**( ১০টি সংখ্যার গড় ৭। প্রত্যেকটি সংখ্যাকে ৮দিয়ে গুণ করলে নতুন গড় কত হবে?) *[BD House Building FC (SO)-2017]*

a. 45 b. 52 c. 56 d. 55 Ans: c

✍**Solution:**

Average of 10 numbers = 7. Numbers are 8 times.

So the new average=7×8=56

**ব্যাখ্যা :** প্রতিটি সংখ্যাকে ৮ দিয়ে গুণ করলে তা ৮ গুণ করে বেড়ে যাবে এবং তাদের গড় ও ৮ গুণ বাড়বে।

**52. The mean of the data set of 1000 items is 5 from each item 3 is subtracted and then each number is multiplied by 2. The new mean will be** (১০০০ আইটেমের গড় ৫ এখন প্রত্যেক আইটেম থেকে ৩ বিয়োগ করা হল এবং প্রত্যেক সংখ্যাকে ২ দ্বারা গুণ করা হল, নতুন গড় কত হবে? ) *[BB (Off)-2022]*

a. 4 b. 5 c. 6 d. 7 Ans: a

✍**Solution:** Mean of 1000 items = 5

After subtracting 3 from each item new average = 5-3 = 2 (সবগুলো থেকেই বিয়োগ করায় গড়ে ৩ কমবে)

After multiplying each number by 2 new average will be = 2×2 = 4 (সবগুলোই ২ গুণ মানে গড় ও ২ গুণ)

**53. Average of ten positive numbers is x . If each number increased by 10%, then x** (১০টি ধনাত্মক পূর্ণ সংখ্যার গড় x প্রতিটি সংখ্যা ১০% করে বৃদ্ধি পেলে x এর মান -? )

a. remains unchanged b. may decrease

c. may increase d. is increased by 10% Ans:d

✍**Solution:**

ধরি, ১০টি সংখ্যা প্রতিটি ১০০ করে তাহলে ১০টি সংখ্যার গড় ১০০ অর্থাৎ x = 100

আবার প্রতিটি সংখ্যা ১০% করে বাড়লে নতুন প্রতিটি সংখ্যা হবে ১১০ করে যাদের গড় ও ১১০

এখন দেখা যাচ্ছে আগের গড়ের থেকে বর্তমান গড় ১০ বা ১০% বেশি অর্থাৎ x এর মান ও ১০% বেড়ে যাবে।

**54. The average of 20 numbers is zero. Of them, at the most, how many may be greater than zero?**(২০টি সংখ্যার গড় ০,এদের মধ্যে সর্বোচ্চ কতটি সংখ্যা ০ থেকে বড় হতে পারে?) *[Pubali Bank (SO)-23]*

a. 0 b. 1 c. 10 d. 19 Ans: d

✍**Solution:**

Average of 20 numbers = 0 $\therefore$ Sum of 20 numbers (0 × 20) = 0

Let, sum of first 19 numbers = **19** (০ থেকে এই ১৯টি বড়) & $20^{th}$ number is -19

So Sum of 20 numbers = 19 + (-19) = 0

**বাংলায় ব্যাখ্যা বুঝুন:** ১৯টি সংখ্যার যোগফল (+ a) হলে এবং ২০ তম সংখ্যাটি (–a) হলে সবগুলো সংখ্যার সমষ্টি ০ হবে। সুতরাং ২০টি সংখ্যার গড় ০ হলে তাদের মধ্যে ১৯টি সংখ্যা ০ থেকে বড় হতে পারে। এবং এই ১৯ টি সংখ্যা যত বড় ই হোক না কেন ২০তম সংখ্যাটি তাদের যোগফলের সমান ঋণাত্মক হলে যোগফল ০ হবে এবং গড় ও ০ ই হবে।

**55. In seven given numbers, the average of first four numbers is 4 and that of the last four numbers is also 4. If the average of these seven numbers is 3, the fourth numbers is** (৭টি সংখ্যার মধ্যে প্রথম ৪টির গড় ৪ আবার শেষ ৪টির গড় ও ৪। সংখ্যা ৭টির গড় ৩ হলে ৪র্থ সংখ্যাটি কত?):

a. 14 degrees b. 12 degrees c. 16 degrees d. 11 Ans: d

✍**Solution:**

এখানে শুরুর সংখ্যা ৪টি এবং শেষের সংখ্যা ৪টি সহ মোট সংখ্যা ৮টি মনে হলেও মোট সংখ্যা দেয়া আছে ৭টি।

সুতরাং ৪ নং সংখ্যাটি দুপাশেই আছে।

এখন ৮টি সংখ্যার সমষ্টিতে ৪নং সংখ্যাটি দুবার আছে তাই তা থেকে ৭টি সংখ্যার সমষ্টি বাদ দিলে ৪র্থ সংখ্যাটি বের হবে।

The fourth number = (4×4) +(4×4) – (7×3) = 16 + 16 – 21 = 32 – 21 = 11

**56. The average of six numbers is 30.if the average of first four is 25 and that of last three is 35,the fourth number is** (ছয়টি সংখ্যার গড় ৩০। এদের মধ্যে প্রথম চারটির গড় ২৫ এবং শেষের তিনটির গড় ৩৫ হলে চতুর্থ সংখ্যাটি কত?)

a. 30 b. 28 c. 25 d. 20 Ans:c

**Solution:** The fourth number is = $(4\times25) + (3\times35) - (6\times30)$

$= 100 + 105 - 180 \quad = 205 - 180 =$ **25**

**57. In a set of 3 numbers, the average of first two numbers is 2, the average of the last two numbers is 3, and the average of the first and the last numbers is 4. What is the average of three numbers?** (তিনটি সংখ্যার একটি সেটে প্রথম দুটি সংখ্যার গড় ২, শেষ দুটি সংখ্যার গড় ৩ এবং প্রথম ও শেষ সংখ্যার গড় ৪ হলে সংখ্যা তিনটির গড় কত?) *[BB (AD)-2012]+ [Combined 7 Banks (SO)-2023 (2021 Based)]*

a. 3 b. 2 c. 2.5 d. 3.5 Ans: a

**Solution:**

Let, the numbers are A, B, & C

Sum of A & B = $2\times2 = 4$

Sum of B & C = $3\times2 = 6$

Sum of A & C = $4\times2 = 8$

So Sum of $2(A + B + C) = 18$ So sum of $A+B+C = 9$ and average of A, B & C is = $9\div3 =$ **3**

**Shortcut :**
$4+6+8 = 18$ then $18\div6 =$ **3**

♦ **মনে রাখুন:**

এরকম তিনটি সংখ্যাকে ঘুরিয়ে ফিরিয়ে ৬টি সংখ্যা বলা হলে সবগুলোর সমষ্টি বের করার পর তা থেকে যে কোন দুটি বিয়োগ করলে অপর সংখ্যাটি বের হবে। নিচের উদাহরণ দেখুন।

**58. The average monthly income of P and Q is Tk 5050. The average monthly income of Q and R is Tk 6250 and the average monthly income of P and R is Tk. 5200. The monthly income of P is:** (P এবং Q এর মাসিক গড় আয় ৫০৫০ টাকা, আবার Q এবং R এর মাসিক গড় আয় ৬২৫০ টাকা, এবং P ও R এর মাসিক গড় আয় ৫২০০ টাকা। P এর মাসিক আয় কত?) *[Combined (SO)-2023(2020 Based)]*

a. 3500 b. 4000 c. 4050 d. 5000 Ans: b

**Solution:**

Let P, Q and R represent their respective monthly incomes. Then, we have:

$P + Q = (5050 \times 2) = 10100$ .... (i)

$Q + R = (6250 \times 2) = 12500$ .... (ii)

$P + R = (5200 \times 2) = 10400$ .... (iii)

Adding (i), (ii) and (iii), we get: $2(P + Q + R) = 33000$ or $P + Q + R = 16500$ .... (iv)

Subtracting (ii) from (iv), we get P = 4000. P's monthly income = **Tk. 4000**

## Consecutive numbers:

- যে কোন ধারাবাহিক সংখ্যার মোট সংখ্যা বেজোড় হলে তাদের মাঝখানের রাশিটি-ই হচ্ছে তাদের গড়।
- আবার ধারাবাহিক সংখ্যার মোট সংখ্যা জোড় হলে তাদের প্রথম ও শেষ রাশির গড় ই হচ্ছে তাদের গড়।
- ধারাবাহিক সংখ্যার গড় দেয়া থাকলে তাকে মাঝখানে বসিয়ে দুপাশে সমান সংখ্যক সংখ্যা বসাতে হয়।

**59. The average of first 50 natural numbers is :** *[Janata Bank (EO)-2017 (Morning)]*

a. 12.25 b. 21.25 c. 25.5 d. 25 Ans: c

✍**Solution:**

Natural number শুরু হয় ১ দিয়ে । তাই ১ থেকে ৫০ পর্যন্ত Natural number মোট ৫০টি। এখন গড় বের করার নিয়ম হলো প্রথম পদ ও শেষপদ যোগ করে ২দিয়ে ভাগ করতে হবে। তাই গড় ৫০+১ = ৫১÷২ = ২৫.৫। **Ans:**

**60. What is the arithmetic mean of the first 100 natural numbers?** (প্রথম ১০০ টি স্বাভাবিক সংখ্যার গড় কত?) *[Combined 7 Banks(So-General)-2021]*

a.50 b.50.5 c.51 d.51.5 **Ans:b**

✍**Solution:**

First 100 natural number = 1,2,3.........99, 100

So, arithmetic mean = $\frac{1+100}{2} = \frac{101}{2} = \mathbf{50.5}$

**61. The average of four consecutive even numbers is 27. The largest of these number is :** (৪টি জোড় ধারাবাহিক সংখ্যার গড় ২৭ হলে বড় সংখ্যাটি কত?)

a. 30 b. 80 c. 38 d. 36 Ans: a

✍**Solution:**

Let, the numbers x, x+2, x+4, x+6

**ATQ,** $x + x + 2 + x + 4 + x + 6 = 27\times4$

$\Rightarrow 4x + 12 = 108 \Rightarrow 4x = 108 - 12 = 96 \therefore x = 24$

There for the largest number is x +6 = 24+6 = 30.

**62. If 15 is the $6^{th}$ number in a series of 6 consecutive odd numbers what is $4^{th}$ number in the series?** (৬টি ধারাবাহিক বেজোড় সংখ্যার মধ্যে ৬ষ্ঠ সংখ্যাটি ১৫ হলে ৪র্থ সংখ্যাটি?) *[BB –(AD ) -2018]*

a. 7 b. 9 c. 11 d. 13 Ans: c

✍**Solution:**

The series is 5, 7, 9, 11, 13 and 15

So $4^{th}$ number is 11 **Ans:**

**Logic:** ৬ষ্ঠ সংখ্যাটি ১৫ হলে ৪র্থ সংখ্যাটি হবে ২+২ = ৪ কম অর্থাৎ ১৫-৪ = ১১।

**63. What is the average of odd numbers from 1 to 40 (**১ থেকে ৪০ পর্যন্ত বিজোড় সংখ্যাগুলোর গড় কত?**)?** *[Janata Bank (RC)-2023(2020Based)]*

a. 20 b. 21 c. 31 d. 41 Ans: a

✍**Solution:**

Odd numbers from 1 to 40 is 1,3,5,7. . . . . 39 . So, the average $\frac{39+1}{2} = \frac{40}{2} = \mathbf{20}$

**64. The average of 7 consecutive numbers is 20. The largest of these numbers is:** (৭টি ধারাবাহিক সংখ্যার গড় ২০হলে সংখ্যাগুলোর মধ্যে বৃহত্তম সংখ্যাটি কত?) *[BD House Building FC (OF)-2017]*

a. 24 b. 22 c. 23 d. 20 Ans: c

✍**Solution:**

Suppose, the numbers are : x,( x-1), (x+1), (x-2), (x+2), (x-3), and (x+3).

**According to the question,**

$(\frac{x + x - 1 + x + 1 + x - 2 + x + 2 + x - 3 + x + 3}{7}) = 20 \quad \Rightarrow x = 20$

So, the largest of the numbers = x+3 = 20+3 = 23.

♦**মুখে মুখে ১০ সেকেন্ডে সমাধান:** যে কোন ধারাবাহিক সংখ্যা মোটে বেজোড় হলে তাদের মাঝের সংখ্যাটিই তাদের গড়। এখানে ধারাবাহিক সংখ্যা ৭টি এবং গড় ২০ । তাহলে ২০ হচ্ছে মাঝের সংখ্যা এবং ২০ এর থেকে ছোট ৩টি এবং বড় ৩টি সংখ্যা আছে। যেহেতু বৃহত্তম সংখ্যাটি বের করতে বলা হয়েছে তাই ২০ এর পরের সংখ্যা ৩টি হবে ২১, ২২, এবং ২৩।

**65. The average of 7 consecutive numbers is 33. The largest of these number is:** (৭টি ধারাবাহিক সংখ্যার গড় ৩৩ হলে বড় সংখ্যাটি কত?)

a. 30 b. 20 c. 32 d. 36 Ans: d

✍**Solution:**

The series is 30, 31, 32, **33,** 34, 35, 36

So the highest number is = 36

**66. The average of five consecutive odd numbers is 61. What is the difference between the highest and lowest numbers?** (৫টি ধারাবাহিক সংখ্যার গড় ৬১। সংখ্যাগুলোর মধ্যে বৃহত্তম ও ক্ষুদ্রতম সংখ্যা পার্থক্য কত?) *(BB AD - 2016)*

a. 6 b. 8 c. 9 d. None Ans: b

✍ **Written Solution:**

Let, the numbers be x, x+2, x + 4, x + 6, x + 8

$x + x + 2 + x + 4 + x + 6 + x + 8 = 61\times5$

$5x + 20 = 305$

$5x = 305 - 20 = 285 \quad \therefore x = 57$

**Shortcut:**
সংখ্যা পাঁচটি হলে তাদের মাঝে গ্যাপ থাকে ৪টি ।
বেজোড় ধারাবাহিক বলায় প্রতিটি গ্যাপের মান ২ ।
তাহলে পার্থক্য ৪×২ = ৮

The highest number = x + 8 = 65 and lower number = x = 57 ∴The difference 65 – 57 = 8

♦ পরামর্শ:

এত সহজ প্রশ্ন লিখিত পরীক্ষায় আসার মত না। তবে এরকম যে কোন কঠিন প্রশ্ন আসলে কিভাবে সমাধান করতে হবে তা বোঝার জন্য এখানে লিখিত সমাধান দেয়া হয়েছে। প্রিলির পরীক্ষায় অবশ্যই বুঝে বুঝে শর্টকার্টে কয়েক সেকেন্ডে করার নিয়মগুলো প্রয়োগ করুন।

**67. If the average of 5 consecutive integers is 15 then What is the difference between the least and the greatest of the 5 integers?**(যদি ৫টি ধারাবাহিক পূর্ণসংখ্যার গড় ১৫ হয়, তাহলে সংখ্যা ৫টির মধ্যে বৃহত্তম এবং ক্ষুদ্রতম সংখ্যার পার্থক্য কত? ) *[BGFCL-(AM)-2021]*

a. 4 b. 5 c. 8 d. 10 Ans: a

✍**Solution:**

এখানে গড় ১৫ হওয়ায় সিরিজটি = ১৩,১৪,১৫,১৬,১৭ । সুতরাং পার্থক্য = ১৭-১৩ = ৪।

**Note:** যে কোন ৫টি ক্রমিক ধারাবাহিক সংখ্যার বৃহত্তম ও ক্ষুদ্রতম সংখ্যা ২টির পার্থক্য সবসময় ৪ ই হবে। উত্তর: ৪।

**68. Set X contains 10 consecutive integers. If the sum of the 5 smallest members of set X is 265, what is the average of the 5 largest members of set X?** (X হচ্ছে ৫টি ধারাবাহিক সংখ্যার সেট। যদি X সেটের ক্ষুদ্রতম ৫টি সংখ্যার সমষ্টি ২৬৫ হয়। তাহলে X সেটের বৃহত্তম ৫টি সংখ্যার গড় কত?) *(IFIC Bank Ltd. MTO 2013)*

a. 58 b. 59 c. 60 d. 57 Ans: a

✍**Solution:**

10টি ধারাবাহিক সংখ্যার প্রথম ৫টির থেকে শেষের 5টির প্রত্যোকটি 5 করে বড় ।

প্রথম 5টির যোগফল থেকে পরের 5টির যোগফল 5×5 = 25 বেশি হবে।

তাহলে শেষ 5টি সংখ্যার সমষ্টি = 265+25= 290 এবং গড় 290÷5=58

**Shortcut**
First average = 265÷5 = 53
New average 53+5=58

**Note: ১০টি ধারাবাহিক সংখ্যার প্রথম ৫টি সংখ্যার থেকে পরের ৫টি সংখ্যার প্রতিটি ৫ করে ছোট।**

**69. The average of the two-digit numbers, which remain the same when the digits interchange their positions, is:** (দুই অংকের যে সংখ্যাগুলো তাদের অবস্থান পরিবর্তন করলেও একই থাকে তাদের গড় কত?) *{BB. AD. (G.S-2014)}*

a. 33 b. 44 c. 55 d. 66 Ans:c

✍**Solution:** এটা মানসিক দক্ষতা অংশের প্রশ্ন:

স্থান পরিবর্তন করলেও একই মান থাকে অর্থ ২২ এর এককের ঘরের ২ দশকের ঘরের সাথে পরিবর্তন হলেও ২২ ই থাকে। এভাবে মোট ৯টি সংখ্যা আছে

Same two digit numbers are 11, 22, 33, 44, 55, 66, 77, 88, 99

$\therefore \text{Average} = \frac{11+22+33+44+55+66+77+88+99}{9} = \frac{495}{9} = 55$

**70. If the mean of 5 observations x, x + 2, x + 4, x + 6 and x + 8 is 11, then the mean of the last three observations is-** ( শেষ তিনিটির গড় কত?) *[ Pubali Bank Ltd (SO)-2017]*

a. 11 b. 13 c. 15 d. 17 Ans: b

✍**Solution:**

Sum = x+ (x+2)+ (x+4) + (x+ 6) + (x+ 8) = 5x + 20

$\text{Average} = \frac{5x+20}{5} = x+4$

ATQ, x+4 = 11 So, x = 7

Sum of last 3= x+4+x+6+x+8 = 3x + 18

$\text{Average} = \frac{3x+18}{3} = x+6$ Or, 7+6 = 13 **Ans:**

**কয়েক সেকেন্ডে সমাধান:**
যে কোন ধারাবাহিক সংখ্যার মাঝের সংখ্যাটিই তাদের গড়।
তাই প্রথম ৫টির গড় (x+4) = 11 হলে x = 7
এভাবে শেষ তিনটির গড় তাদের মাঝের রাশি x+6 = 7+6 = 13

**71. The sum of K consecutive integers is 41. If the least integers is -40 , then K =** (K টি ধারাবাহিক সংখ্যার যোগফল ৪১ এবং সবথেকে ছোট সংখাটি -৪০ হলে K এর মান কত?) *[IBBL (PO)-2017]*

a. 40 b. 41 c. 81 d. 82 Ans: d

✍**Solution:**

সিরিজটি হবে (-৪০) + (-৩৯) + (-৩৮) - - - - +০+১+ - - - - - +৪০ +৪১

কারণ -৪০ থেকে +৪০ পর্যন্ত সংখ্যাগুলোর যোগফল হবে -৪০+৪০ = ০।

এখন -৪০ থেকে +৪০ পর্যন্ত যেতে হলে মাঝে ০ সহ মোট সংখ্যা হতে হবে ৪০+ ১+ ৪০ = ৮১টি।

কিন্তু প্রশ্নে বলা হয়েছে যোগফল ৪১ হতে হবে । সুতরাং ৪০ এর পরের সংখ্যাটিও এই সিরিজের অর্ন্তভূক্ত।

তাহলে সিরিজটি হবে (- ৪০) + (-৩৯) + (-৩৮) - - - - +০+১+ - - - - - ৪০+৪১ = মোট সংখ্যা

= ৪০ +১+৪০ + ১টি বড় সংখ্যা (৪১) = ৮২টি। **Ans:**

**72. If the average (arithmetic mean) of seven consecutive integers is k + 2, then the product of the greatest and least integer is :** (7 টি ধারাবহিক সংখ্যার গড় হচ্ছে k + 2. বৃহত্তর ও ক্ষুদ্রতম সংখ্যা দুটির গুণফল কত হবে?) *[DBBL (AO)-2017]*

a. $k^2 + 4k - 5$ b. $k^2 - 9$ c. $k^2 + 6k - 9$ d. $k^2 - 2k + 1$ Ans: a

✍**Solution:**

ধারাবাহিক সংখ্যা মোট ৭টি এবং এদের গড় k+2 । এই গড় হচ্ছে ঐ সংখ্যাগুলোর মধ্যম সংখ্যা। তাই বড় সংখ্যাটি হবে k+2+**3** = k+5 এবং ছোট সংখ্যাটি হবে k+2-3 = k-1 (কারণ ৭টি সংখ্যার মাঝের সংখ্যার থেকে ৭ম সংখ্যাটি ৩ বড় এবং ১ম সংখ্যাটি ৩ ছোট। )

বৃহত্তর ও ক্ষুদ্রতম সংখ্যা দুটির গুণফল হবে $= (k-1)(k+5) = k^2 + 5k - k - 5 = k^2 + 4k - 5$

**73. The smallest of three consecutive even integers is 40 less than three times the largest. What is the largest of these integers?** (তিনটি ধারাবাহিক জোড় সংখ্যার ক্ষুদ্রতম সংখ্যাটি, বৃহত্তম সংখ্যাটির তিনগুণের থেকে ৪০ ছোট। বৃহত্তম সংখ্যাটি কত? ) *[IBBL (PO)-2017]*

a. 18 b. 10 c. 15 d. 14 Ans: a

**Solution:**

**Let,** the number be, x, x+2 and x+4

**ATQ,** $3(x+4) = x+40$ (বৃহত্তম সংখ্যার ৩ গুণ = ক্ষুদ্রতম সংখ্যা + ৪০)

Or, $3x+12 = x+40$ of, $2x = 24$ So, $x = 14$

So, the largest number is $14+4 = 18$ **Ans:**

**74. The sum of three consecutive multiples of 3 is 72. What is the largest number?**(৩ এর তিনটি ক্রমিক গুণিতকের সমষ্টি ৭২ হলে বড় সংখ্যাটি কত ?) *[Pubali Bank (TAT)-2017]*

a. 21 b. 24 c. 27 d. 36 Ans: c

**Solution:**

Let, 1st number = n
Then, 2nd number = n + 3
And 3rd number = n + 6

**According to the question ,**
$n + n + 3 + n + 6 = 72$
$\Rightarrow 3n + 9 = 72$ $\Rightarrow 3n = 63$ $\therefore n = 21$, So largest number = 21+6 =27 **Ans: 27**

**এক লাইনে ৫ সেকেন্ডে সমাধান:**
তিনটি সংখ্যার সমষ্টি ৭২ হলে গড় = ২৪ এবং ২৪ কে মাঝখানে রেখে পাশে ৩ এর অন্য দুটি গুণিতক হবে ২১ ও ২৭। সিরিজটি ২১,২৪ ও ২৭। ৩ দিয়ে ভাগ করা যায় এমন সংখ্যা এগুলো। তাই উত্তর: ২৭

**75. In a sequence of 8 consecutive integers, how much greater is the sum of the last four integers than the sum of first four integers?** (৮টি ধারাবাহিক পূর্ণ সংখ্যার শেষের ৪টির যোগফল প্রথম ৪টির যোগফল থেকে কত বেশি? ) *[Janata Bank ( AEO-RC) -2017]*

a. 10 b. 12 c. 14 d. 16 Ans: d

**Solution:**

ধারাবাহিক সংখ্যার প্রথম ৪টির থেকে পরের ৪টির প্রতিটিই ৪ করে বড় হলে প্রথম ৪টির সমষ্টির থেকে পরের ৪টির সমষ্টি বড় হবে ৪×৪ = ১৬। ( প্রমাণ: ৫,৬,৭,৮ এবং ৯,১০,১১,১২) ৮টি সংখ্যাই ধারাবাহিক সংখ্যা এবং ৫ এর থকে ৯ হলো ৪ বড় আবার ৬ এর থেকে ১০ হলো ৪ বেশি।

## Replaced by other

❖ **মনে রাখবেন,**

- কাউকে পরিবর্তন করা বোঝালে মোট সংখ্যার কোন পরিবর্তন হয় না।
- নতুন যে আসে তার বয়স বা ওজন বেশি হলে সবার গড় বেড়ে যায়।
- নতুন লোকের বয়স বা ওজন কম হলে সবার ওজন কমে যায়।
- ১০ জনের ওজন গড়ে ২ কমে যাওয়া অর্থ মোটের উপর ২০ কমে যাওয়া ।
- সমান সমান পরিমাপের কেউ যুক্ত হলে অথবা চলে গেলে গড় অপরিবর্তিত থাকে।

**76. Which one of the following numbers can be removed from the set S={0,2,4,5,9} without changing the average of set S?** (সেট S ={0, 2, 4, 5, 9} এর মধ্য থেকে কোন সংখ্যাটি বাদ দিলেও সবগুলোর গড় অপরিবর্তিত থাকবে?) *[BB (AD)-12] +[Combined 6Banks & 2FIs(SO)-2019]*

a. 0 b. 2 c. 4 d. 5 **Ans:** c

✍**Solution:**

**Sum of numbers of set S = 0+2+4+5+9 = 20**

Average of S = $\frac{20}{5} = 4$,

After removing one number average of 4 numbers is also 4

So, sum of reaming 4 numbers = 4×4 = 16

So, the removed number = 20-16 = **4**

☞**Shortcut: মুখে মুখে ৫ সেকেন্ডে উত্তর::** সেটের ভেতরের সংখ্যাগুলোর গড় 4 । সুতরাং যদি 4 সংখ্যাটিকে বাদ দেয়া হয় তাহলে গড় অপরির্তিত থাকবে ।

**77. The average weight of 9 mangoes increases by 20 gm if one of them weighing 120 g is replaced by another. the weight of the new mango is** (৯টি আমের গড় ওজন ২০ গ্রাম করে বৃদ্ধি পায় যদি তাদের মধ্য থেকে ১২০ গ্রাম ওজনের একটি আম অন্য একটি নতুন আম দ্বারা বদল করা হয়। নতুন আমের ওজন কত)

a. 300gm b. 350gm c. 400gm d. 200gm Ans: a

✍**Solution:**

৯টি আমের ওজন গড়ে ২০ গ্রাম করে বৃদ্ধি পেলে মোট বৃদ্ধি পায় = ২০×৯ = ১৮০গ্রাম। তাহলে নতুন আমটির ওজন হবে আগের আমটির থেকে ১৮০ গ্রাম বেশি। সুতরাং নতুন আমের ওজন = ১২০+১৮০ = ৩০০গ্রাম।

**78. The average age of a committee of eight members is 40 years. a member aged 55 years retired and his place was taken by another member aged 39 years.the average age of the present committee is** ( একটি কমিটির ৮ জন সদস্যের গড় বয়স ৪০ বছর। ৫৫ বছর বয়সের একজন সদস্য অবসর গ্রহণ করল এবং ৩৯ বছর বয়সের একজন তার স্থলাভিষিক্ত হলো। বর্তমানে তাদের গড় বয়স কত? )

a. 30 b. 48 c. 38 d. 40 Ans: c

✍**Solution:**

প্রথমে ৮ জনের মোট বয়স = ৪০×৮ = ৩২০

৫৫ বছরের একজন চলে যাওয়ায় বয়স কমল = ৩২০-৫৫ = ২৬৫

৩৯ বছরের ১ জন আসায় নতুন ৮ জনের মোট বয়স = ২৬৫+৩৯ = ৩০৪

নতুন ৮ জনের গড় বয়স ৩০৪÷৮ = ৩৮বছর।

**Shortcut**

মোট বয়স কমলো ৫৫- ৩৯= ১৬ বছর

তাহলে গড়ে কমবে ১৬÷৮ = ২ বছর করে

নতুন গড় বয়স ৪০-২ = ৩৮ বছর

**79. After replacing an old member by a new member, it was found that the average age of five members of a club is the same as it was 3 years ago. What is the difference between the ages of the old and the new member?** (পুরাতন একজন সদস্যকে নতুন একজন সদস্য দ্বারা পরিবর্তন করা হলে ৫ সদস্যের একটি ক্লাবের সদস্যদের বয়স তাদের ৩ বছর আগের বয়সের সমান হয়ে গেল। পুরাতন ও নতুন সদস্যের বয়সের পার্থক্য কত বছর?) (*BB Ass: Director-:-12 )*

a. 15 b. 18 c. 20 d. 10 Ans:a

✍**Solution:**

Let, the new member = z

4 member + new member = sum

And

4 member + 12 + z = sum

$x = 12 + z$ Now, $x + 3 = 15 + z$ $\therefore (x + 3) - z = 15$

**Shortcut**

৩ বছরে ৫ জনের বয়স ৩ বছর করে মোটে ৫×৩= ১৫ বছর না বাড়ার কারণ হলো নতুন জনের বয়স ১৫ বছর কম। অর্থাৎ ব্যবধান ১৫ বছর।

**80. The average age of 8 men is increased by 2 years when one of them whose age is 24 years is replaced by a woman. What is the age of the woman;** (৮জন লোকের মধ্য থেকে ২৪ বছরের একজনকে অন্য একজন মহিলা দ্বারা পরিবর্তন করলে সবার বয়সের গড় ২ বছর বেড়ে যায়। মহিলার বয়স কত?) *[Janata Bank (EO)-2017 (afternoon)]*

a. 35years b. 28years c. 32 years d. 40years Ans: d

✍**Solution:**

৮ জনের বয়স ২ বছর করে বাড়লে মোটে বাড়বে ৮×২ = ১৬ বছর। অর্থাৎ নতুন আসা মহিলাটি চলে যাওয়ায় ২৪ বছর বয়সী লোকের চেয়ে ১৬ বছর বড়। সুতরাং মহিলার বয়স = ২৪+১৬ = ৪০ বছর।

**81. The average age of 8 people increases by 2 years when two women are included in place of two men aged 20 and 24. Find the average age of the two women**. (২০ ও ২৪ কেজি দুজন পুরুষের পরিবর্তে দুজন মহিলা সদস্য আসলে ৮ জন মানুষের বয়স গড়ে ২ বছর করে বেড়ে যায়। নতুন মহিলাদ্বয়ের বয়সের গড় কত?) *(IBA-MBA Admission Test, (June -2015 )*

a. 30 b. 32 c. 35 d. 40 Ans: a

**Solution:**

